

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ঔষধ প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.hsd.gov.bd](http://www.hsd.gov.bd)



স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮২.১৫.০৩৩.১৫-৮৫

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৬  
১২ মার্চ ২০২০

বিষয়: ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয় এবং সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, চট্টগ্রাম-এর জন্য আউট সোর্সিং নীতিমালা-২০১৮ অনুযায়ী সেবা ক্রয়ে অর্থ বিভাগের সম্মতি প্রদান।

সূত্র: অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর স্মারক নং-০৭.১৫৬.০১৫.৫৫.০০.০৮.২০০৯(অংশ-১)/১৩০, তারিখ: ২৪/০২/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয় এবং সেন্ট্রাল ড্রাগ টেস্টিং ল্যাবরেটরী, চট্টগ্রাম-এর জন্য সার্বক্ষণিক সেবা নিশ্চিতকরণার্থে আউট সোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ এর ৩(২) অনুচ্ছেদ অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ অর্থ বছরের জন্য নিম্নোক্ত ১০ জন সেবা কর্মীর সেবা ক্রয়ের নিমিত্তে নির্দেশক্রমে সম্মতি জ্ঞাপন করা হলো।

| সেবার ক্যাটাগরি | আউটসোর্সিং সেবাকর্মীর সংখ্যা             |
|-----------------|--|
| ক্যাটাগরি-১     | ইলেকট্রিশিয়ান-০১                        |
| ক্যাটাগরি-২     | জেনারেটর অপারেটর-০১                      |
| ক্যাটাগরি-৫     | পরিচ্ছন্নতাকর্মী-০২, নিরাপত্তা প্রহরী-০৬ |
| সর্বমোট =       | ১০                                       |

শর্তাবলী:

- অর্থ বিভাগের ১০/০৬/২০১৯ তারিখের ২৫৯নং পরিপত্র অনুযায়ী জনপ্রতি সেবামূল্য নির্ধারণ করতে হবে;
- সেবাকর্মীর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সার্ভিস কমিশনের হার ন্যূনতম ৫% এর কম হবে না;
- আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসাবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
- এ সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি-বিধান অনুসরণ করতে হবে; এবং
- পরিচ্ছন্নতাকর্মীর আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের ক্ষেত্রে হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২২-০৬-২০২০

মোহাম্মদ মোস্তাফিজুর রহমান  
সহকারী সচিব  
ফোন- ৯৫৪৫৪৬২  
E-mail: drugad1@hsd.gov.bd

মহাপরিচালক  
ঔষধ প্রশাসন অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: যুগ্মসচিব (ব্যয় ব্যবস্থাপনা-৬)]।
- ২। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপসচিব (পার-৪), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৯। অফিস নথি।